


# আমার ছড়া

ইসলামিক এডুকেশন সোসাইটি

# আমার ছড়া

মোশাররফ হোসেন খান




ইসলামিক এডুকেশন সোসাইটি

www.pathagar.com

**প্রকাশনায়**

**ইসলামিক এডুকেশন সোসাইটি**
৭৩, আউটার সার্কুলার রোড
বড় মগবাজার, ঢাকা-১২১৭
ফোন ৮৩৫১৩৬১, ৮৩১৮৬১১

**প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত**

**প্রকাশকাল**
প্রথম প্রকাশ ঃ অগ্রাহয়ন ১৪১১
শাওয়াল ১৪২৫
ডিসেম্বর ২০০৪

অংকন
মুহাম্মদ শাহজাহান মিয়া

**মূল্য**
৩০.০০ টাকা

## প্রকাশকের কথা

শিশুরা ছড়া পড়ে আনন্দ পায়। মুখে মুখে তারা অনেক ছড়া মুখস্ত করে ফেলে, বুঝে না বুঝেই। তাই ছড়া শিশু শিক্ষার এক আকর্ষণীয় মাধ্যম। আর সে ছড়া যদি শিক্ষামূলক হয় এবং মূল্যবোধ জাগ্রত করে, তাহলে তা শিশুদের মনে আনন্দ দেয়ার সাথে সাথে জীবন গঠনের কাজেও ভূমিকা রাখে। এ দিকটি বিবেচনা করেই সোসাইটি দীর্ঘদিন থেকে চিন্তা করে আসছে শিশুদের উপযোগী ছড়ার বই প্রকাশের। এবার **'আমার ছড়া'** নামে একটি বই প্রকাশ করতে পেরে আল্লাহর শোকরিয়া আদায় করছি। কবি ও সাহিত্যিক **মোশাররফ হোসেন খান** রচিত এ ছড়ার বইটি সম্পূর্ণ চার রঙে আকর্ষণীয়ভাবে প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে।

বইটি প্রকাশের ক্ষেত্রে অনেকেই বিভিন্নভাবে সহযোগিতা করেছেন, আমরা তাদের কাছে কৃতজ্ঞ। বইটিতে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে অথবা মানোন্নয়নের কোন পরামর্শ থাকলে আমাদেরকে জানালে খুশি হবো।

**অধ্যক্ষ মুহাম্মদ আবদুর রব**
পরিচালক
ইসলামিক এডুকেশন সোসাইটি

Amar Chhara (My Rhymes) by Mosharraf Hosain Khan, Published by Islamic Education Society, 1st Edition December 2004, Price Tk. 30.00 only

www.pathagar.com

## এক

আমরা শিশু নতুন কুঁড়ি
ফুল ফোটাতে চাই
ফুলের বাসে দীন-দুনিয়া
ভরে তুলবো ভাই।

আমরা শিশু নইতো তবু
ছোট্ট এতটুকু
আলোর খোঁজে তাই ছুটেছি
আমরা খোকা-খুকু ॥






www.pathagar.com

## দুই

পাক কালামের প্রথম কথা
ইকরা-মানে পড়ো
তাঁরই দেয়া আলোর শিখায়
সত্য জীবন গড়ো।

গড়তে জীবন পড়তে হবে
কোরান হাদীস বই
জ্ঞানের মাঝে প্রমাণ দেবো
ছোট্ট কেহ নই ॥






www.pathagar.com

তিন

রাসূল নামে মুক্তা ঝরে
তার নামে যে হৃদয় ভরে
ঐ নামে যে জগত পাগল
সকল নামের সেরা,
হীরার চেয়ে দামী সে যে
লক্ষ আঁধার চেরা।

সব মানুষের সেরা মানুষ
সব মানুষের সেরা
রাসূল প্রেমে ব্যাকুল ধরা
তারই প্রেমে ঘেরা ॥






www.pathagar.com

চার


ইসলামের পথে যারা
শহীদ হয়েছেন
জীবন দিয়ে তারা সবাই
জান্নাত কিনেছেন ॥



পাঁচ

নবী মোদের সকল কাজ
নিজের হাতে করতেন
কাজের মাঝে নেইকো লাজ
তাই তো তিনি বলতেন।

সেই নবীজীর উম্মাত হয়ে
কাজকে ভালোবাসবো
নিজের কাজ নিজেই করে
মনটা খুলে হাসবো ॥






www.pathagar.com

ছয়

খারাপ কাজ করবো নাকো
হবো নাকো মন্দ
ভালো এবং মন্দের মাঝে
সকল সময় দ্বন্দ্ব।

মন্দ মানুষ ভালো নয়
সঙ্গ ছাড়ো তার
আমরা হবো ভালো মানুষ
প্রদীপ জ্বলে যার ॥



সাত

মিথ্যা বলা মহা পাপ
মিথ্যা বলো না
জেনে বুঝে কাউকে তুমি
ধোকা দিও না।

ধোকা দেয়া ভালো নয়
জেনো ভাই-বোন
ধোকাকারী দুষ্টু ভারি
নষ্ট তার মন ॥





www.pathagar.com



আট

ভয় পেও না ফুলকলিরা
সত্য কথা বলতে
ভয় পেও না একটুখানি
দীনের পথে চলতে।


ভয় পেও না চলতে একা
মোটেই একা নও
তোমার সাথে আল্লাহ আছেন
তাঁরই সাথী হও ॥



www.pathagar.com


নয়

যে জন মুমিন সেইতো সঠিক
তারই মাথার পরে
খোদার রহম বৃষ্টির মতো
ঝর ঝরিয়ে ঝরে ॥





www.pathagar.com




## দশ

সত্য পথে যে জন চলে
জীবন করে দান
তাকেই আল্লাহ জান্নাত দেন
তিনিই মেহেরবান ॥



www.pathagar.com




এগার

বুকে যাদের সাহস আছে
সত্য পথে যারা
তারাই পরে বিজয় মালা
হার মানে না তারা ॥




www.pathagar.com



বার
সত্য পথের ডাক এসেছে
আর কি থামা যায়?
সঙ্গে যাবি কে কে তোরা
জলদি করে আয় ॥




www.pathagar.com



তের
এসো ভাই-বোন
এসো কচিমন
এসো বুলবুলি,
সিয়ামের দিনে
রহমত কিনে
গোলা ভরে তুলি ॥



www.pathagar.com




চৌদ্দ

গাছ-গাছালী পাখ-পাখালী
যতো মাখলুকাত
সকল সময় করে তারা
রবের ইবাদাত।

আমরা মানুষ সৃষ্টি সেরা
শ্রেষ্ঠ জাতি ভাই
বন্দেগীটা তাইতো সবার
বেশী হওয়া চাই ॥



www.pathagar.com



পনের

এই যে শোভা রঙের মেলা
পাখির কলরব
কার ইশারায় ক্ষেতের বুকে
ফসল ভরা সব।

চোখ জুড়ানো এই জাহানের
স্রষ্টা বলো কে?
দীন-দুনিয়ার বাদশাহ আর
সবার মালিক যে ॥



www.pathagar.com



## ষোল

সোনামনি ভাই বোনেরা
একটি কথা শোনো
ধনী এবং গরীব মাঝে
প্রভেদ নেই যে কোনো।

ধনী বলো গরীব বলো
সবই তাঁহার দান
সবার জন্য তাইতো দেবো
ভালোবাসা-প্রাণ ॥




www.pathagar.com

সতের

মাঠের পরে মাঠ চলেছে
বনের পরে বন
নীল আকাশে নীলের খেলা
মায়া ভরা মন।

সেই মনেতে ঢেউয়ের দোলা
দিচ্ছে কে যে ভাই
চোখ ফেরালে খোদার রহম
দেখতে সবই পাই ॥





www.pathagar.com

আঠার

বিপদ দেখে ভয় পেও না
সাহস রেখো বুকে
বন্ধুর পাশে থেকো সদা
সুখে এবং দুখে।

সকল সময় প্রভুর ওপর
আস্থা রাখে যে
সেই তো খাঁটি বান্দা মুমিন
বিশ্ব-সমাজে।





www.pathagar.com

## উনিশ

গালিগালাজ কটু কথা
ভীষণ খারাপ কাজ
হে দয়াময় এ সব থেকে
দাও না পানাহ্ আজ।

ভদ্র যারা সভ্য যারা
মানুষ তারা হয়
জ্ঞান-গরিমা লেখাপড়ায়
কীর্তি তাদের রয় ॥






www.pathagar.com

# বিশ

হিংসা-বিদ্বেষ ভালো নয়
হিংসা করা পাপ
পরের ধন করলে চুরি
হয় না যে আর মাফ।

পিতা-মাতার কথা মেনে
চলতে হবে ঠিক
আমরা সবাই খেয়াল নেব
তাদের সকল দিক ॥





www.pathagar.com

একুশ

লেখাপড়া করতে হবে
মানুষ হবার জন্য
তবেই আমি সুখী হবো
জগত হবে ধন্য ॥





www.pathagar.com

বাইশ

দিনটা আমার হয়ে উঠুক
গোলাপ ফুলের মতো
মনের বাগে ফুলের কলি
ফুটুক শত শত ॥





www.pathagar.com

## তেইশ

বাংলা ভাষা মাতৃভাষা
মধুর ভাষা বেশ
এই ভাষাতে স্বপ্ন দেখি
গড়বো বাংলাদেশ ॥






www.pathagar.com

চব্বিশ

গাছের ছায়া ফুলের মায়া
মাঠ ভরা ঐ ধান
সবই দিলেন রহিম খোদা
সবই তাঁহার দান ॥






www.pathagar.com

## পঁচিশ

বাড়ির পাশে আমার নদী
দুই কূলে তার চর
চরের পাশে গাছ-গাছালি
পাখ-পাখালীর ঘর ॥





www.pathagar.com

ছাব্বিশ

মেঘের ভেলা করছে খেলা
প্রজাপতির ডানায়
ঝিঁঝি পোকার হাট বসেছে
পদ্মপুকুর কানায় ॥





www.pathagar.com

সাতাশ


উপুড় হলো মেঘের কলস
বৃষ্টি এলো শেষে
সাগর-নদী গাছগাছালী
হাসলো অবশেষে ॥





www.pathagar.com

আটাশ
আউষ ধানের ক্ষেতটি হাসে
তালের পিঠার গন্ধ ভাসে
ভরা ভাদ্র মাসে,
তারই পরে শরৎ আসে
শিশির ঝরা ঘাসে ॥





www.pathagar.com

## উনত্রিশ

কুয়াশার চাদর মেলে
হিমালয় ফুঁড়ে
হিমেল হাওয়া সঙ্গে নিয়ে
শীতটা এলো উড়ে।
শীতটা এলো উড়ে-
সারা বাংলা জুড়ে ॥






www.pathagar.com

ত্রিশ

আসছে উড়ে শীতের পাখি
হাসছে সারা দেশ
কেউ মেরো না কেউ ধরো না
বাঁচাও পরিবেশ ॥





www.pathagar.com

